COVID-19 ভ্যাকসিনেশন কর্মসূচীর বিষয়ে

28শে এপ্রিল 2021 অনুযায়ী

কর্মসূচীর সামগ্রিক চিত্র

জনস্বাস্থ্য সুরক্ষিত রাখার জন্য এবং ধীরে ধীরে সমাজের সাধারণ কাজকর্ম চালু করার জন্য, সরকার সমস্ত হংকংবাসীদের জন্য বিনামূল্যে অঞ্চলভিত্তিক COVID-19 ভ্যাকসিনেশন কর্মসূচী("প্রোগ্রাম") শুরু করছে।

এনকোয়ারি হটলাইন: 3142 2366

*যে সমস্ত বয়স্ক মানুষদের ভ্যাকসিনেশন কর্মসূচীতে অংশগ্রহণকারী প্রাইভেট ক্লিনিকগুলিতে অনলাইন বুকিং বা অ্যাপয়েন্টমেন্ট স্থির করার জন্য সাহায্য দরকার, তাঁরা নিকটস্থ ডিস্ট্রিক্ট এল্ডারলি কমিউনিটি সেন্টার, নেবারহুড এল্ডারলি সেন্টার ও সোশাল সেন্টার ফর এল্ডারলি-তে যোগাযোগ করতে পারেন বা সংশ্লিষ্ট ইন্টিগ্রেটেড হোম কেয়ার সার্ভিসেস টিম/এনহ্যান্সড্ হোম অ্যান্ড কমিউনিটি কেয়ার সার্ভিসেস টিমস্/ডে কেয়ার সেন্টারগুলি/ইউনিটস্ ফর এল্ডারলি-তে যোগাযোগ করতে পারেন, বা সমাজকল্যাণ মন্ত্রকে হটলাইন 2343 2255-তে ফোন করতে পারেন।

স্থান

সরকার নিম্নলিখিত স্থানগুলিতে ভ্যাকসিনেশন পরিষেবা দেওয়ার কথা ভাবছে।

ভ্যাকসিনেশনের স্থান এখানে খুঁজুন:

https://www.map.gov.hk/gm/map/s/m/communityvaccinationservicesofcovid-19?lg=en

1. কমিউনিটি ভ্যাকসিনেশন সেন্টার(সিভিসি) (*বুকিং করতে হবে)

সরকার হংকং-এর 18 টি জেলায় সিভিসিগুলি স্থাপন করবে যেখানে সাধারণ মানুষ ভ্যাকসিনেশন পরিষেবা পাবে। একটি সিভিসি-তে এক ধরনের ভ্যাকসিনই দেওয়া হবে।

যোগ্য ব্যক্তিরা কি ধরনের ভ্যাকসিন নিতে চান তা নিজেরা ঠিক করতে পারবেন, এবং 24-ঘন্টার অনলাইন বুকিং ব্যবস্থার মাধ্যমে তাঁদের প্রথম ও দ্বিতীয় ডোজ নেওয়ার সময় ও স্থান নির্দিষ্ট করতে পারবেন।

70 বা তার বেশি বয়সী বয়স্ক মানুষের সঙ্গে সর্বোচ্চ দুজন যত্নকারী ব্যক্তি একসাধে বুকিং করলে একসাথে ভ্যাকসিন নিতে পারবেন।

প্রয়োজন হলে অনলাইন বুকিং-এ সাহায্যের জন্য পোস্ট অফিস বা সংশ্লিষ্ট ব্যক্তি যে পাবলিক হাউজিং এস্টেটে থাকেন তার এস্টেট ম্যানেজমেন্ট অফিসে যোগাযোগ করতে পারেন।

উল্লেখ্য: হংকং-এ ভ্যাকসিন আগমন, ভ্যাকসিনের পরিমাণ ও ভ্যাকসিনেশন পরিস্থিতির উপর নির্ভর করে সিভিসিগুলিতে ধাপে ধাপে কাজ শুরু হবে।

খোলার সময়:

- সকাল 8টা থেকে রাত 8 টা (সোমবার থেকে রবিবার)

যে সমস্ত নথি আনতে হবে:

- পরিচয়ের নথি

পিতা-মাতা / অভিভাবক দ্বারা স্বাক্ষরিত সম্মতি ফর্ম (16 থেকে ১৭ বছর বয়সীদের জন্য / মানসিকভাবে ভ্যাকসিন নিতে অক্ষম এমন গ্রহণকারীদের জন্য প্রযোজ্য) [সম্মতির ফর্মটির একটি নমুনা ডাউনলোড করতে এখানে ক্লিক করুন]

- এসএমএস মেসেজ বা বুকিং কনফার্মেশনের ফটোকপি

2. হাসপাতাল কর্তৃপক্ষের নির্দিষ্ট জেনারেল আউটপেশেন্ট ক্লিনিক (GOPCs) (*বুকিং করা দরকার)

3. নির্দিষ্ট প্রাইভেট ক্লিনিক

সাধারণ মানুষ ভ্যাকসিনেশন প্রোগ্রামের অধীন কোন প্রাইভেট ডাক্তার বা ক্লিনিক বেছে নিতে পারেন, এবং সিভিসি ও পাবলিক ক্লিনিকগুলির জন্য নির্ধারিত সরকারি অনলাইন বুকিং সিস্টেমগুলির মধ্য দিয়ে না গিয়ে সরাসরি প্রাইভেট ডাক্তার বা ক্লিনিকগুলির সঙ্গে ভ্যাকসিনেশনের জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে পারেন।

4. রেসিডেনশিয়াল কেয়ার হোম ও নার্সিং হোম

আউটরিচ ভ্যাকসিনেশন পরিষেবা বা ভিজিটিং মেডিকাল অফিসারদের দ্বারা ভ্যাকসিনেশন দেওয়া হবে।

5. স্বাস্থ্য দপ্তরের নির্দিষ্ট ক্লিনিক

অগ্রাধিকারের শ্রেণিগুলিতে যে সমস্ত ক্লায়েন্ট/সদস্য/রোগী রয়েছেন এবং যাঁরা স্বাস্থ্য দপ্তরের নির্দিষ্ট ক্লিনিকে পরিষেবা নিয়ে থাকেন, স্বাস্থ্য দপ্তর তাঁদের ভ্যাকসিন দেবে। স্বাস্থ্য দপ্তরের ক্লায়েন্টরা সংশ্লিষ্ট ক্লিনিকে ভভাকসিন নেওয়ার জন্য অ্যাপয়েন্টমেন্ট নিতে পারবেন।

স্বাস্থ্য দপ্তরের ক্লিনিকগুলিতে ভ্যাকসিনেশন পরিষেবার বুকিং সবার জন্য উপলব্ধ নয়।

যারা টিকা গ্রহণের জন্য যোগ্য।

হংকংবাসিরা যাদের বয়স 16 এবং ঊর্ধ্বে বিনামূল্যে টিকা নেওয়ার জন্য যোগ্য। কোমির্নাটি নেওয়ার জন্য ন্যূনতম বয়স 16 এবং করোনাভ্যাকের জন্য সেটি 18 ।

যোগ্য ব্যক্তিগণদের পরামর্শ দেওয়া হচ্ছে যে নির্ধারিত ওয়েবসাইটে অনলাইন বুকিং-এর সময় বা পরিসংখ্যানগত উদ্দেশ্যে টিকা কর্মসূচিতে অংশগ্রহণ নেওয়া প্রাইভেট ক্লিনিকগুলির সাথে অ্যাপয়েন্টমেন্ট করার সময় তারা যেন নিম্নলিখিত গ্রুপগুলির মধ্যে একটি বেছে নেন।

1. স্বাস্থ্যসংক্রান্ত কাজে নিযুক্ত ব্যক্তিরা এবং অতিমারী-বিরোধী কাজে অংশগ্রহণকারী ব্যক্তিরা;
2. বৃদ্ধ/প্রতিবন্ধী মানুষদের রেসিডেনশিয়াল কেয়ার হোমের বাসিন্দা ও কর্মী, এবং বৃদ্ধ/প্রতিবন্ধী মানুষদের কমিউনিটি কেয়ার সার্ভিস ইউনিটের কর্মী;
3. জরুরি জন পরিষেবা প্রদানকারী ব্যক্তিরা (সরকারী পরিষেবা ঠিকাদারদের কর্মচারী সহ); এবং
4. সীমান্তের পরিবহনে নিযুক্ত ব্যক্তিরা বা কন্ট্রোল পয়েন্ট বা বন্দরে কাজ করেন এমন ব্যক্তিরা
5. খাদ্য ও পানীয় প্রাঙ্গন, বাজার, সুপারমার্কেট, দোকান ও ক্যুরিয়ারের(টেকঅ্যাওয়ে ফুড ডেলিভারি-সহ) কর্মীরা

6. স্থানীয় গণপরিবহন ব্যবস্থা পরিচালনাকারী কর্মী (যেমন ট্যাক্সি/বাস/পাবলিক লাইট বাস ড্রাইভার, ট্রেন ক্যাপটেন ও স্টেশন কর্মী)

7. রেজিস্টার্ড নির্মাণ কর্মী ও অন্যান্য রেসিডেন্ট সাইটের কর্মী

8. প্রপার্টি পরিচালন কর্মী (যেমন সিকিউরিটি গার্ড, সাফাই কর্মী ও প্রপার্টি পরিচালন অফিস কর্মী)

9. শিক্ষক ও বিদ্যালয়ের কর্মী (যেমন কিন্ডারগার্টেন, প্রাথমিক ও মাধ্যমিক বিদ্যালয় ও বিশ্ববিদ্যালয়ের শিক্ষক ও সহায়ক কর্মী; বিশেষ বিদ্যালবের কর্মী; এবং স্কুল বাস ও স্কুল প্রাইভেট লাইট বাসের চালক ও কর্মী)

10. পর্যটন শিল্পের কর্মী

11. রোগ প্রতিরোধ ও নিয়ন্ত্রণ (প্রয়োজন ও নির্দেশ) (ব্যবসা ও প্রাঙ্গন) রেগুলেশন (চ্যাপ. 599F) -এর অধীন শিডিউলড্ প্রাঙ্গনের কর্মী (যেমন ফিটনেস সেন্টার ও বিউটি পার্লারের কর্মী)

12. গৃহ সহায়করা

13. ইতিমধ্যে ভ্যাকসিনের প্রথম ডোজ প্রাপ্ত ব্যক্তি(দের) এর সাথে

14. অন্যরা (ব্যক্তিগণ যারা উপরোক্ত কোনও দলের সাথে অন্তর্ভুক্ত নন)

ভ্যাকসিনেশন রেকর্ড

ভ্যাকসিনেশনের পর আপনি কাগজে ভ্যাকসিনেশন রেকর্ড পাবেন। এছাড়া "iAM Smart" বা “eHealth” মোবাইল অ্যাপের মাধ্যমে আপনার ইলেকট্রনিক ভ্যাকসিনেশন রেকর্ড ডাউনলোড করতে পারেন।

সাম্প্রতিক তথ্যের জন্য ওয়েবসাইট দেখুন: https://www.covidvaccine.gov.hk/en/